

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৩৭/২০১৬

তারিখঃ ১৬/০৭/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর এর স্মারক নং-পরিঃনিঃদ/সা/লাইসেন্স/১৪৯/১৬/৩৩, তারিখঃ ২৮/০৬/২০১৬ সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর

নং-পরিঃনিঃদ/সা/লাইসেন্স/১৪৯/১৬/৩৩

তারিখঃ ২৮/০৬/২০১৬

বিষয় :- চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী সকল প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারী/অপারেটর/শ্রমিকদের অনুকূলে পুলিশী ভেরিফিকেশন সম্পন্ন করে নিরাপত্তা বিভাগের আওতাধীন ডাটাবেজ এন্ট্রি করণ প্রসঙ্গে।

সূত্র :

ক। সরকারী প্রজ্ঞাপন-এসআরও নং-২৬৭/আইন/২০০৭/ তারিখ-২৭/১১/০৭ এর মাধ্যমে জারীকৃত Protection of Port (Special Measure Act-1948) Entry into Protected Area Rules (1968) (5/C)|

খ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পত্র নং-৪৪.০০০০.০৩৬.১০.০০৮.১২-৬৯ তারিখ ০৩-০৩-২০১৩।

১। চট্টগ্রাম বন্দর একটি প্রথম 'ক' শ্রেণীর KPI এবং বাংলাদেশের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি। সূত্র পত্র 'ক' এবং 'খ' এর নির্দেশনা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক KPI নিরাপত্তা নীতিমালা-২০১৩ এর ধারা ৪.৪ ও ৬.২.৬ এবং Protection of Port (Special Measure Act-1948 Entry into Protected Area Rules (1968) (5/C) বিধি অনুযায়ী চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী (বিদেশী নাগরিকসহ) ও শ্রমিক নিয়োগকারী প্রতিষ্ঠানসমূহের অনুকূলে জেটি লাইসেন্স/পরিচয় পত্র, স্থায়ী পাশ এবং Proximity ID Card ইস্যুর লক্ষ্যে পুলিশী সত্যতা প্রতিপাদন নিশ্চিত করার নির্দেশনা রয়েছে। এছাড়া বন্দরের Protected/Bonded Area'য় কেবলমাত্র বৈধ ব্যক্তি প্রবেশ নিশ্চিত করা রাষ্ট্রীয় নিরাপত্তার স্বার্থেও অত্যন্ত গুরুত্ববহ।

২। এমতাবস্থায়, অত্র দপ্তর হতে প্রেরিত পুলিশী ভেরিফিকেশন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করতঃ জমা প্রদান করা প্রয়োজন।

৩। উক্ত পুলিশী ভেরিফিকেশন সম্পন্ন হওয়ার পর ডাটাবেজ এন্ট্রি সম্পন্ন করে সকল প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারী/ অপারেটর/শ্রমিকদের অনুকূলে ইতোপূর্বে ইস্যুকৃত স্থায়ী পাশ এবং Proximity ID Card সমূহ হালনাগাদ নবায়নপূর্বক অত্র দপ্তরে জমা রেখে নতুন আইডি কার্ড প্রদান করা হবে।

৪। এতদ্বিষয়ে সার্বিক সহযোগিতা কাম্য।

স্বাঃ/-
পরিচালক (নিরাপত্তা)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ